দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP 03 2006 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ১ ...

# বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিলের বৃত্তি

নানাবিধ আর্থিক সঙ্কটে বাংলাদেশের অনেক সম্ভাবনাময় শিক্ষার্থীর উচ্চ শিক্ষার স্বপ্ন মুকুলেই ঝরে যায়। এসব শিক্ষার্থীর উচ্চশিক্ষার স্বপ্ন পূরণ করতে দেশী-বিদেশী অনেক বেসরকারী প্রতিষ্ঠান নানাভাবে আর্থিক সাপোর্ট দেয়। এসব সহযোগিতা গ্রহণ করে অনেকেই জীবনের কাঙ্ক্ষিত লক্ষ্যেও পৌঁছতে পেরেছেন। তেমনিই একটি প্রতিষ্ঠান বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিল (ঈওউ)

**প্রতিষ্ঠার কথা :** জাপানের নিমন ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিল ১৯৯৫ স্যাল থেকে শুরু করে প্রতি বছর বাংলাদেশের দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি দিয়ে আসছে। ঈওউ একটি অলাভজনক বেসরকারী প্রতিষ্ঠান। এই

...র উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে তাদেরকে Scholarship প্রদানের মাধ্যমে আর্থিক সহযোগিতা করে।

**যে সকল ক্ষেত্রে বৃত্তি দেয়া হয় :** মেডিক্যাল, এগ্রিকালচার, ইঞ্জিনিয়ারিং, সায়েন্স, কমার্স এবং আর্টসের যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় (স্নাতক/স্নাতকোত্তর) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা এই বৃত্তির জন্য আবেদন করতে পারেন। সাধারণ ১ বছরের জন্য এই বৃত্তি দেয়া হয়। পরের বছর নবায়নের জন্য নতুন করে আবেদন করতে হয়।

**আবেদনের পদ্ধতি :** বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিলের ওয়েবসাইট থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করে পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্তসহ আবেদনপত্র পাঠাতে হবে। আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার মার্কশিটের সত্যায়িত ফটোকপি, ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, পিতা/অভিভাবকের আয়ের সনদ এবং বিভাগীয় প্রধানের সুপারিশপত্র সংযোজন করতে হবে। ওয়েবসাইট থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

২০০৬-০৭ শিক্ষাবর্ষের আবেদনপত্র ২০ সেপ্টেম্বরের মধ্যে পৌঁছাতে হবে।

**যোগাযোগের ঠিকানা :** বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিল
২৮৮, এমএম আলী রোড, ওয়াসার মোড়,
চট্টগ্রাম-৪০০০।